রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৭, ২০২৩

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

পরিশিষ্ট-"খ"

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/১০ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

নং **২৮.০১.০০০০.০১২.২০.০০৩.২২.৪৮০৪**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার পরিবর্তন সংক্রান্ত কমিশনের ০৪ জুন ২০২২ তারিখের আদেশের মাধ্যমে উক্ত আইনের উদ্দেশ্য পূরণকল্পে এবং উক্ত আইনের ধারা ২২ এ বর্ণিত দায়িত্বাবলি যথাযথভাবে সম্পাদনের নিমিত্ত গবেষণাকার্য সম্পাদনের উদ্দেশ্যে গঠিত "বিইআরসি গবেষণা তহবিল" সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে এর আওতা, ব্যবস্থাপনা এবং পরিচালনা পদ্ধতি সংবলিত নিম্নরূপ নিয়ন্ত্রক নির্দেশিকা (Regulatory Guidelines) প্রণয়ন করা হলো :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এ নিয়ন্ত্রক নির্দেশিকা 'বিইআরসি গবেষণা তহবিল পরিচালনা ও ব্যবস্থাপনা নিয়ন্ত্রক নির্দেশিকা, ২০২২' নামে অভিহিত হবে।

(২) এ নিয়ন্ত্রক নির্দেশিকা ০৪ জুন ২০২২ তারিখ হতে কার্যকর হবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকলে, নিয়ন্ত্রক নির্দেশিকা তে—

(ক) "আর্থিক প্রতিবেদন" অর্থ ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ অনুযায়ী অন্তর্বর্তীকালীন বা চূড়ান্ত স্থিতিপত্র, আয় বিবরণী বা লাভ ও লোকসান হিসাব, ইক্যুইটি পরিবর্তনের বিবরণ, নগদ প্রবাহ বিবরণী, টীকা ও অপরাপর বিবরণী এবং ইহাদের উপর ব্যাখ্যামূলক বিবৃতি;



মূল্য : টাকা ৮.০০

(খ) "কমিশন" অর্থ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন;

(গ) "তহবিল" অর্থ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক ০৪ জুন ২০২২ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর : ২০২২/০৯, ২০২২/১০, ২০২২/১১, ২০২২/১২, ২০২২/১৩, ২০২২/১৪ এর অধীন গঠিত বিইআরসি গবেষণা তহবিল (BERC Research Fund);

(ঘ) "এনার্জি" অর্থ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২(খ) এ বর্ণিত সংজ্ঞাকে বোঝাবে;

(ঙ) "গবেষণা" অর্থ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) আইন, ২০০৩ এর উদ্দেশ্য পূরণকল্পে এবং উক্ত আইনের ধারা ২২ এ বর্ণিত দায়িত্বাবলি যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে এ নিয়ন্ত্রক নির্দেশিকা এর আওতায় সম্পাদিত কোনো গবেষণাকার্য বা সমীক্ষা/স্টাডি।

৩। **তহবিল গঠন।**—(১) নিম্নবর্ণিত উপায়ে সংগৃহীত অর্থে বিইআরসি গবেষণা তহবিল গঠিত হবে, যথা :—

(ক) কমিশন কর্তৃক, সময় সময়, জারীকৃত ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার আদেশ অনুযায়ী ভোক্তা কর্তৃক প্রদত্ত অর্থ; এবং

(খ) তহবিলে জমাকৃত অর্থের বিপরীতে প্রাপ্ত মুনাফা।

৪। **তহবিল ব্যবস্থাপনা কমিটি।**—(১) তহবিল ব্যবস্থাপনার জন্য "বিইআরসি গবেষণা তহবিল ব্যবস্থাপনা কমিটি" নামে নিম্নবর্ণিত একটি কমিটি থাকবে, যথা :—

| | | | |
|---|---|---|---|
| (ক) | পরিচালক (অর্থ ও হিসাব) | - | আহ্বায়ক |
| (খ) | সহকারী পরিচালক (ট্যারিফ) | - | সদস্য |
| (গ) | উপপরিচালক (অর্থ ও হিসাব) | - | সদস্য (সাচিবিক দায়িত্ব) |

(২) কমিটি এ নির্দেশিকা অনুযায়ী তহবিলের অর্থ জমা, হিসাবভুক্তকরণ, স্থায়ী আমানত হিসাবে বিনিয়োগ, তহবিলের আয় ও ব্যয়ের হিসাবরক্ষণ এবং তহবিল নিরীক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(৩) কমিটি প্রতি ৩ (তিন) মাস অন্তর অন্তর সভা করবে এবং উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত বিষয়াদি সম্পর্কে বিস্তারিত উল্লেখপূর্বক কমিটির সমন্বিত প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিতভাবে কমিশনে দাখিল করবে।

৫। **তহবিলের অর্থ জমা, পরিচালনা, হিসাবভুক্তকরণ ও ব্যবস্থাপনা।**—(১) কমিশন কর্তৃক তহবিল পরিচালিত হবে। কমিশনের চেয়ারম্যান/কমিশনের অনুমোদন ব্যতীত কোনো ব্যয় সম্পাদন করা যাবে না।

(২) কমিশন "বিইআরসি গবেষণা তহবিল" নামে সরকারি কোনো তফসিলি ব্যাংকে স্বতন্ত্র স্পেশাল নোটিশ ডিপোজিট (এসএনডি) বা অনুরূপ উপযুক্ত কোনো ব্যাংক হিসাব পরিচালনা করবে। কমিশনের সচিব এবং কমিশন কর্তৃক মনোনীত একজন পরিচালকের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে।

(৩) প্রাকৃতিক গ্যাস বিতরণকারী কোম্পানীসমূহ কমিশন কর্তৃক, সময় সময়, জারীকৃত ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার আদেশ অনুযায়ী নির্ধারিত হারে তহবিলে ভোক্তা প্রদত্ত অর্থ প্রত্যেক বিল মাসের পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তহবিলের নির্ধারিত ব্যাংক হিসাবে জমা প্রদান করবে।

(৪) "বিইআরসি গবেষণা তহবিল ব্যবস্থাপনা কমিটি" তহবিলের অর্থ আর্থিক বিধি-বিধান অনুসারে কমিশনের অনুমোদনক্রমে উপযুক্ত তফসিলি ব্যাংকের স্থায়ী আমানত হিসাবে নিরাপদ জমা/বিনিয়োগ করতে পারবে :

তবে শর্ত থাকে যে, এ তহবিলের অধীন গৃহীত গবেষণা কার্যক্রমের ব্যয় পরিশোধকে সর্বোচ্চ অগ্রাধিকার বিবেচনায় এ লক্ষ্যে উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত ব্যাংক হিসাবে সম্ভাব্য প্রয়োজনীয় অর্থের স্থিতি সর্বদা বজায় রাখতে হবে।

(৫) তহবিলের বিপরীতে অর্জিত ব্যাংক মুনাফা উক্ত তহবিলেই জমা করতে হবে।

(৬) তহবিলের অর্থ অনুচ্ছেদ ৭ এ বর্ণিত ক্ষেত্রসমূহের আওতায় কমিশন কর্তৃক অনুমোদিত গবেষণা কার্যে ব্যয় করা যাবে।

৬। **তহবিলের মেয়াদ।**—কমিশনের ভিন্নতর কোনো আদেশ না হওয়া পর্যন্ত এ তহবিল অব্যাহত থাকবে।

৭। **তহবিলের অর্থ ব্যয় এবং গবেষণার পরিধি**।—(১) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন ২০০৩ এর ধারা ২২ এ বর্ণিত কমিশনের কার্যাবলির সাথে সম্পর্কিত নিম্নবর্ণিত বিষয়/ক্ষেত্রসমূহে কমিশন কর্তৃক গবেষণার নিমিত্ত অত্র তহবিলের অর্থ ব্যয় করা যাবে, যেমন :—

(ক) এনার্জি ব্যবহারকারী প্রতিষ্ঠানের দক্ষতা, উহার যন্ত্রপাতি ও সরঞ্জামের মান নিরূপণ, এনার্জি অডিটের মাধ্যমে নিয়মিতভাবে জ্বালানি ব্যবহারের খরচের হিসাব যাচাই, পরীক্ষণ, বিশ্লেষণ, জ্বালানি ব্যবহারের দক্ষতার মান বৃদ্ধি ও সাশ্রয় নিশ্চিতকরণ;

(খ) বিদ্যুৎ উৎপাদন এবং এনার্জি সঞ্চালন, বিপণন, সরবরাহ, মজুতকরণ, বিতরণ, দক্ষ ব্যবহার, সেবার মান, ট্যারিফ নির্ধারণ ও নিরাপত্তার উন্নয়ন;

(গ) লাইসেন্স প্রদান, বাতিল, সংশোধন, লাইসেন্সের শর্ত নির্ধারণ;

(ঘ) ভোক্তা স্বার্থ সংরক্ষণ এবং কাঙ্খিত মানের সেবা ভোক্তার নিকট পৌঁছানো নিশ্চিতকরণ;

(ঙ) এনার্জির পরিসংখ্যান সংগ্রহ, সংরক্ষণ, পর্যালোচনা এবং প্রচার;

(চ) গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় কোডস্ ও স্ট্যান্ডার্ডস্ প্রণয়ন করা ও উহার প্রয়োগ বাধ্যতামূলক করা;

(ছ) সকল লাইসেন্সীর জন্য অভিন্ন হিসাব পদ্ধতি নির্ধারণ;

(জ) লাইসেন্সীদের মধ্যে পারস্পরিক প্রতিযোগিতামূলক পরিস্থিতি সৃষ্টিতে উৎসাহ প্রদান;

(ঝ) লাইসেন্সীদের মধ্যে এবং লাইসেন্সী ও ভোক্তাদের মধ্যে সৃষ্ট বিরোধ মীমাংসা;

(ঞ) ভোক্তা বিরোধ, অসাধু ব্যবসা বা সীমাবদ্ধ (monopoly) ব্যবসা সম্পর্কিত বিরোধের উপযুক্ত প্রতিকার নিশ্চিতকরণ;

(ট) জলবায়ুর পরিবর্তনজনিত অভিঘাত ও এনার্জির পরিবেশ সংক্রান্ত মান নিয়ন্ত্রণ এবং জ্বালানি অনুসন্ধান ও উৎপাদনে লাগসই প্রযুক্তি এবং পদ্ধতি নির্ণয়ে গবেষণা;

(ঠ) প্রাথমিক জ্বালানি অনুসন্ধান ও উৎপাদন বিষয়ে কারিগরি স্টাডি/কেস স্টাডি;

(ড) দেশের জ্বালানি ব্যবস্থার Renovation ও Modernization বিষয়ক সমীক্ষা/স্টাডি;

(ঢ) কমিশনের সিদ্ধান্ত গ্রহণে ভোক্তাদের/গ্রাহকদের অধিকতর অংশগ্রহণ নিশ্চিতকরণে সমীক্ষা/স্টাডি;

(ণ) Regulatory Impact Assessment (RIA); এবং

(ত) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর আওতায় নতুন বিধি/প্রবিধানমালা প্রণয়নের বিষয়ে সমীক্ষা/স্টাডি সম্পাদন।

(২) গবেষণা বিষয়ক পরামর্শক নিয়োগের জন্য প্রতিষ্ঠান চিহ্নিতকরণ/নির্বাচন সংক্রান্ত কার্যসম্পাদন।

(৩) দেশে জ্বালানি বিষয়ে আগ্রহী গবেষক তৈরির লক্ষ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয়ে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যায়নরত শিক্ষার্থীদের কমিশনে ইন্টার্নশীপ সম্পাদন।

(৪) কমিশনের কর্মকর্তাগণের গবেষণা/সমীক্ষা/স্টাডি সম্পাদনে সক্ষমতা বৃদ্ধি এবং উচ্চ শিক্ষার্থে বিদেশে প্রেরণ।

(৫) কমিশন কর্তৃক নির্ধারিত জ্বালানি সংক্রান্ত অন্য যেকোনো বিষয়ে গবেষণা/সমীক্ষা/স্টাডি সম্পাদন।

(৬) এ তহবিল সংশ্লিষ্ট অন্যান্য ব্যয় নির্বাহ।

৮। **গবেষণাকার্য আহ্বান, বাছাই, অনুমোদন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন।**—(১) তহবিলের আওতায় বাস্তবায়িতব্য গবেষণার বিষয় নির্ধারণ ও গবেষণার প্রস্তাব যাচাইয়ের নিমিত্ত "গবেষণা বাছাই ও সুপারিশ প্রণয়ন কমিটি" নামে নিম্নোক্তভাবে একটি কমিটি থাকবে, যথা:—

| | | | |
|---|---|---|---|
| (ক) | কমিশন কর্তৃক মনোনীত কমিশনের একজন সদস্য | - | সভাপতি |
| (খ) | সচিব, বিইআরসি | - | সদস্য |
| (গ) | পরিচালক (অর্থ ও হিসাব), বিইআরসি | - | সদস্য |
| (ঘ) | পরিচালক (বিদ্যুৎ), বিইআরসি | - | সদস্য |
| (ঙ) | পরিচালক (গ্যাস), বিইআরসি | - | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (চ) | পরিচালক (পেট্রোলিয়াম), বিইআরসি | - | সদস্য |
| (ছ) | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) এর একজন প্রতিনিধি | - | সদস্য |
| (জ) | বাংলাদেশ ইন্সটিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ (বিআইডিএস) এর একজন প্রতিনিধি | - | সদস্য |
| (ঝ) | উপপরিচালক (ট্যারিফ), বিইআরসি | - | সদস্য-সচিব |

(২) কমিটি গবেষণার বিষয় ও প্রস্তাব বাছাই করে সুপারিশসহ প্রতিবেদন কমিশনে উপস্থাপন করবে।

(৩) কমিটি ন্যূনতম ষান্মাসিক ভিত্তিতে একটি সভা করবে।

(৪) কমিটি তহবিলের অর্থে বাস্তবায়িত এবং বাস্তবায়িতব্য গবেষণার অগ্রগতি ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ ও মূল্যায়ন করবে এবং এতদসংক্রান্ত একটি প্রতিবেদন কমিশনে দাখিল করবে।

(৫) কমিটি কমিশনের যেকোনো কর্মকর্তাকে কমিটিতে Co-opt করতে পারবে।

৯। **গবেষণার বিষয় অনুমোদন**।—(১) তহবিলের অর্থে অনুচ্ছেদ ৭ এ উল্লিখিত বিষয়/ক্ষেত্রসমূহ অনুযায়ী সম্পাদিতব্য গবেষণাকার্য কমিশন কর্তৃক অনুমোদিত হতে হবে।

(২) গবেষণাকার্যে অর্থ ব্যয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ প্রযোজ্য হবে।

(৩) বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের কমিশনে ইন্টার্নশীপ এর ক্ষেত্রে Internship Allowance পরিমাণ কমিশন কর্তৃক নির্ধারিত হবে।

১০। **নিরীক্ষা**।—(১) কমিশন বিদ্যমান আর্থিক বিধি-বিধান অনুযায়ী প্রতি অর্থবছর সমাপ্তির পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে তহবিলের আয়-ব্যয়ের হিসাব নিবন্ধিত কোনো চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম দ্বারা পৃথকভাবে নিরীক্ষা করত তহবিলের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন যথাশীঘ্র সম্ভব কমিশনে দাখিল করবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে তহবিল সংক্রান্ত সকল তথ্যাদি বিস্তারিত সন্নিবেশ করতে হবে।

১১। **তহবিল পরিচালনার জন্য নিয়ন্ত্রক নির্দেশিকা এর ব্যাখ্যা**।—নিয়ন্ত্রক নির্দেশিকা-তে বর্ণিত হয় নাই এমন বিষয়ে প্রচলিত সরকারি আর্থিক বিধি-বিধান প্রযোজ্য হবে। নিয়ন্ত্রক নির্দেশিকা এর কোনো বিধানের ক্ষেত্রে কোনোরূপ অস্পষ্টতার উদ্ভব হলে তৎসম্পর্কে কমিশন কর্তৃক প্রদত্ত ব্যাখ্যা/সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের আদেশক্রমে

**ব্যারিস্টার মোঃ খলিলুর রহমান খান**
সচিব, বিইআরসি।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd